ADB ASIAN DEVELOPMENT BANK

# বাংলাদেশ: প্রাথমিক শিক্ষা উন্নয়ন সহায়তা

| | |
|---|---|
| প্রকল্পের নাম | প্রাথমিক শিক্ষা উন্নয়ন সহায়তা |
| প্রকল্পের নম্বর | ৪২১২২-০১৫ |
| দেশ | বাংলাদেশ |
| প্রকল্পের বর্তমান অবস্থা | চলমান |
| প্রকল্পের ধরন/ সহায়তার ধরন | কারিগরী সহায়তা |
| অর্থায়নের উৎস/ পরিমাণ | **কারিগরী সহায়তা 9276-BAN: প্রাথমিক শিক্ষা উন্নয়ন সহায়তা**<br>কারিগরী সহায়তামূলক বিশেষ তহবিল মার্কিন ডলার ৩০০,০০০.০০<br>**কারিগরী সহায়তা 9276-BAN: প্রাথমিক শিক্ষা উন্নয়ন সহায়তা (সম্পূরক)**<br>কানাডা সরকার মার্কিন ডলার ১.১৭ মিলিয়ন |
| কৌশলগত বিষয়সমূহ | অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি |
| পরিবর্তনের চালিকাশক্তি | সুশাসন ও সক্ষমতা উন্নয়ন<br>জ্ঞানভিত্তিক সমাধান<br>অংশীদারিত্ব |
| খাত/ উপখাত | **শিক্ষা** - প্রাক-প্রাথমিক ও প্রাথমিক |
| জেন্ডার সমতা ও মূলধারাকরণ | কিছু জেন্ডার বিষয়ক উপাদান রয়েছে |
| বিবরণ | এ কারিগরী সহায়তার (TA) আওতায় বিশেষত সুশাসন ও সক্ষমতা উন্নয়নের ক্ষেত্রে সবার জন্য মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় শিক্ষা নীতিমালা বাস্তবায়নে সহায়তা প্রদান করা হবে। চলমান তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (PEDP3)-এর ব্যবস্থাপনা এবং সেইসাথে পরবর্তী প্রাথমিক শিক্ষা কর্মসূচি চালু করতে এই TA সহায়ক হবে। সরকার কর্তৃক, প্রকল্পের উদ্দেশ্য পূরণে অত্যাবশ্যক ফলাফল হিসাবে গণ্য বার্ষিক অর্থছাড় বিষয়ক সূচকসমূহ (DLIs) অর্জনের ওপর ভিত্তি করে PEDP3-এর আওতায় |

অর্থায়ন করা হয়ে থাকে। নতুন এই প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচিতেও একই নীতিমালা অনুসরণের প্রস্তাবনা দেয়া হয়েছে বিধায় পরবর্তী প্রকল্পে এর সাবলীল উত্তরণ হওয়া প্রয়োজন। ফলাফল প্রতিবেদন (result reporting) প্রদান এবং ফলাফলের জন্য নির্বাচিত প্রধান এলাকাগুলোতে বাস্তবায়ন কাজ উন্নয়নে এই TA-এর আওতায় সহায়তা দেয়া হবে। এই TA-টি 'কারিগরী সহায়তা 8085-BAN: PEDP3-এর জন্য সহায়তা' শীর্ষক প্রকল্পের পরবর্তী পর্যায় যার আওতায় কার্যক্রমের প্রথম পাঁচ বছরে দুর্নীতি নিরোধ তত্ত্বাবধান (fiduciary oversight), বাস্তবায়ন ও ফলাফল ব্যবস্থাপনা বিষয়ে সহায়তা দেয়া হয়েছিলো।

| | |
|---|---|
| প্রকল্পের যৌক্তিকতা এবং দেশ/ আঞ্চলিক কর্ম-কৌশলের সাথে সম্পর্ক | প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে ছেলে-মেয়েদের অংশগ্রহণ ও স্কুলে শিক্ষা-গ্রহণ চলমান রাখার হার বৃদ্ধিতে বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। তবে, শিক্ষা থেকে ঝরে পড়া এবং পুনরাবৃত্তির হার এবং বিশেষত প্রত্যন্ত এলাকাগুলোতে শিক্ষার গুণগত মানোন্নয়নে চ্যালেঞ্জ রয়ে গেছে। বরাবরই PEDP3-এর জোর লক্ষ্য ছিলো শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং সেইসাথে সম্ভাব্য ক্ষেত্রে শিক্ষার সুযোগ প্রসারিত করার প্রচেষ্টা বজায় রাখা এবং আরো উন্নত করা। বৃহৎ কোন ব্যবস্থা যেমন, বাংলাদেশের প্রাথমিক শিক্ষা পদ্ধতির মধ্যে সংস্কার ব্যবস্থাপনার সফলতা অনেকাংশেই নির্ভর করে কাঙ্খিত ফলাফল অর্জনে সঠিক লক্ষ্য নির্ধারণ, পরিকল্পনা ও সম্পদ ব্যবস্থাপনায় সরকারের সক্ষমতার ওপর। PEDP3 প্রকল্পের শুরু থেকেই ফলাফল-ভিত্তিক পরিকল্পনা ও অর্থায়ন বিষয়ে প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নে সহায়তা দেয়া হচ্ছে, একটি বলিষ্ঠ পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা প্রতিষ্ঠা, এবং ফলাফল প্রতিবেদন প্রদান ব্যবস্থা উন্নত করার মাধ্যমে ফলাফল অর্জনে দায়বদ্ধতা উৎসাহিত করা হয়েছে। আগস্ট ২০১৪-তে PEDP3-এর যৌথ মধ্যবর্তী পর্যালোচনায় নিশ্চিত করা হয়েছে যে, ট্রেজারি ব্যবস্থায় ব্যবহৃত ফলাফল-ভিত্তিক পন্থা ভালো অগ্রগতি সাধন করেছে। কায়ক্রম বাস্তবায়নের প্রত্যাশিত গতি নিশ্চিত করতে, সর্বসম্মত ফলাফল অর্জনের বিষয়গুলোকে অবশ্যই যথাযথভাবে পরিবীক্ষণ ও মূল্যায়ন করতে হবে। তাছাড়া, ফলাফলের জন্য নির্ধারিত এলাকাগুলোতে অতিরিক্ত বাস্তবায়ন সহায়তা দিতে হবে, যেমন অবকাঠামো, জেন্ডার, এবং গুণগত মান ইত্যাদি বিষয়ে, বিশেষত চলমান কার্যক্রমের সমাপনী এবং নতুন কর্মসূচিতে প্রবেশের পর্যায়ে। |
| উন্নয়ন প্রভাব | বাংলাদেশে একটি কার্যকরী, অন্তর্ভুক্তিমূলক এবং সমতাপূর্ণ প্রাথমিক শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠিত (তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প) |

**প্রকল্পের উন্নয়ন ফলাফল**

| | |
|---|---|
| উন্নয়ন ফলাফলের বিবরণ | প্রাথমিক শিক্ষায় পরিকল্পনা ও ফলাফল ব্যবস্থাপনার সক্ষমতা উন্নীত |
| উন্নয়ন ফলাফল অর্জনের অগ্রগতি | এই কারিগরী সহায়তার আওতায় ফলাফলের জন্য নির্ধারিত প্রধান এলাকাগুলোতে পরিকল্পনা, পরিবীক্ষণ ও প্রতিবেদন পেশ বিষয়ে নির্বাহী ও বাস্তবায়নকারী প্রতিষ্ঠানগুলোকে সহায়তা প্রদান করা হবে। এ TA-এর আওতায়, ফলাফল প্রতিবেদনের (result reporting) গুণগত মান বজায় রাখার ক্ষেত্রে অধিক নিশ্চয়তা প্রদানে ভূমিকা রাখার লক্ষ্যে ফলাফল প্রতিবেদন প্রণয়ন জোরদার করার জন্য সহায়তা দেয়া হবে। DLI |

সম্পর্কিত ফলাফলের জন্য নির্ধারিত প্রধান এলাকাগুলোতে নতুন কার্যক্রম শুরুর ক্ষেত্রেও এটি সহায়ক হবে।

## বাস্তবায়নের অগ্রগতি

| | |
|---|---|
| প্রকল্প ফলাফলের বিবরণ | প্রাথমিক শিক্ষা সম্প্রসারণে সংস্কার কাজ উন্নীত<br><br>ফলাফল প্রতিবেদন কাজ বাস্তবায়িত |
| বাস্তবায়ন অগ্রগতির পর্যায় (ফলাফল, কর্মকাণ্ড এবং সমস্যাসমূহ) | উল্লিখিত কারিগরি সহায়তার আওতায়, পূর্ববর্তী কারিগরি সহায়তা PEDP3 অনুসরণে এর শুরু থেকেই কর্মকাণ্ড বাস্তবায়ন ও ফলাফল প্রতিবেদন প্রদানে সহায়তা প্রদান করা হচ্ছে। ২০১৮ সালে নতুন একটি প্রাথমিক শিক্ষা কর্মসূচি শুরু করার এবং ২০১৮ সালে দ্বিতীয় ত্রিমাসে PEDP3-এর সমাপনীর পরিকল্পনা থাকায়, উল্লিখিত TA-এর লক্ষ্য হলো PEDP3-এর চূড়ান্ত ধাপের বাস্তবায়ন এবং নতুন কার্যক্রম শুরু করতে সহায়তা প্রদান। উল্লিখিত TA-এর আওতায়, ফলাফলের জন্য নির্ধারিত এলাকাসমূহে কর্মকাণ্ড বাস্তবায়ন, ফলাফল প্রতিবেদন প্রদান ও খাত সংস্কারে সহায়তা প্রদান করা হবে। PEDP3-এর বাকি বছরগুলোতে PFM বিষয়ক সক্ষমতা উন্নয়ন এবং পূর্ব-নির্ধারিত কর্মকাণ্ডে অর্থব্যয় না হওয়ার ঝুঁকি তত্বাবধান এবং নতুন কার্যক্রমে প্রবেশের জন্য এখনও অতিরিক্ত সহায়তা আবশ্যক। জেন্ডার ও অন্তর্ভুক্তিমূলক শিক্ষা কর্ম পরিকল্পনা (GIEAP) বাস্তবায়ন এবং সার্বিক প্রকল্প ব্যবস্থাপনায় সহায়তার জন্য স্বতন্ত্র পরামর্শক নিযুক্ত করা হবে। একজন স্বতন্ত্র পরামর্শক নিযুক্ত করার মাধ্যমে নির্মাণ কাজের পরিবীক্ষণে সহায়তা প্রদান করা হবে। PEDP3-এর বাস্তবায়ন এবং সেইসাথে এর ফলাফল পরিমাপ ও প্রতিবেদন প্রদান কাজ উন্নত করতে এসব কর্মকাণ্ড সহায়ক হবে। |
| ভৌগোলিক অবস্থান | দেশব্যাপী |

## পরিবেশগত ও সামাজিক প্রেক্ষিতের সার-সংক্ষেপ

পরিবেশগত প্রেক্ষিত

অনৈচ্ছিক পুনর্বাসন

ক্ষুদ্র নৃ-গোষ্ঠী

## অংশীদারদের সাথে মত-বিনিময়, যোগাযোগ, ও অংশগ্রহণ

**প্রকল্প প্রস্তুতিকালীন**

বাংলাদেশ সরকার, এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি), এবং ৮টি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান যৌথভাবে তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি প্রণয়ন করেছে যার কয়েকটি উদ্ভাবনী বৈশিষ্ট্য রয়েছে। অর্থ ছাড়করণ সম্পর্কিত সূচক (DLI) নামে পরিচিত নির্বাচিত ফলাফল অর্জনের ভিত্তিতে এ প্রকল্পের আওতায় অর্থায়ন করা হবে। DLI ও অন্যান্য ফলাফল প্রতিবেদন প্রণয়ন (result reporting) কাজ পর্যালোচনা, যাচাই ও উন্নয়নে সরকার ও সহযোগী প্রতিষ্ঠানসমূহ একটি যৌথ পদ্ধতি বিষয়ে সম্মত হয়েছে। অর্থ ছাড়করণ ও আর্থিক ব্যবস্থাপনার কাজে সরকারের ট্রেজারি ব্যবস্থা ব্যবহৃত হয় বিধায় পূর্ব-নির্ধারিত কর্মকাণ্ডে অর্থব্যয় না হওয়ার ঝুঁকির নিবিড় তত্ত্বাবধান এবং সরকারী আর্থিক ব্যবস্থাপনা (PFM) পদ্ধতি উন্নয়নে সহায়তার বিষয়েও ঐকমত্য হয়েছে। পরবর্তীতে, নির্দিষ্ট কাজের জন্য বরাদ্দকৃত অর্থ অন্য কাজে ব্যয় হওয়ার ঝুঁকি ব্যবস্থাপনা (fiduciary risk management), এবং ফলাফল প্রতিবেদন প্রদান ও যাচাইয়ের ক্ষেত্রে প্রকল্প ব্যবস্থাপনা শক্তিশালীকরণে সরকার এডিবি'র সহায়তার অনুরোধ করেছে।

**প্রকল্প বাস্তবায়নকালীন**

এ কারিগরী সহায়তার লক্ষ্য হলো তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্পের (PEDP3) বাস্তবায়ন এবং এটিকে নতুন কার্যক্রম শুরু করতে সহায়তা করা। PEDP3 প্রকল্পটি ২০১১ সালে অনুমোদিত হয় ও ২০১৫ সালে এর জন্য অতিরিক্ত অর্থায়ন অনুমোদিত হয়, এবং প্রকল্পটি একটি খাতব্যাপী পন্থায় বাংলাদেশ সরকার, এডিবি এবং ৮টি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান কর্তৃক যৌথ অর্থায়ন পায়। এডিবি থেকে PEDP3-এর অর্থায়নের জন্য একটি ফলাফল-ভিত্তিক পন্থা অনুসৃত হয়। এর ৫০% নির্ভর করে সরকার কর্তৃক ৯টি বার্ষিক অর্থছাড় সম্পর্কিত সূচক (DLI) অর্জনের ওপর যা প্রকল্পের উদ্দেশ্য পূরণে অত্যাবশ্যক ফলাফল হিসাবে বিবেচিত। বাকি ৫০% নির্ভর করে ব্যয় বিবরণী প্রাপ্তির ওপর। সরকার ও উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ DLI ও অন্যান্য ফলাফল প্রতিবেদন প্রণয়ন কাজ পর্যালোচনা, যাচাই ও উন্নয়নে একটি যৌথ পন্থা গ্রহণে সম্মত হয়েছে। প্রকল্পের অর্থ ছাড়করণ ও আর্থিক ব্যবস্থাপনার কাজে এডিবি ও উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ সরকারের ট্রেজারি ব্যবস্থা ব্যবহার করে থাকে বিধায় নির্দিষ্ট কাজের জন্য বরাদ্দকৃত অর্থ অন্য কাজে ব্যয় হওয়ার ঝুঁকি ব্যবস্থাপনার নিবিড় তত্ত্বাবধান এবং সরকারী আর্থিক ব্যবস্থাপনা (PFM) পদ্ধতি উন্নয়নে সহায়তার বিষয়েও ঐকমত্য হয়েছে। বাংলাদেশ সরকার এবং PEDP3 দাতা কনসোর্টিয়াম একটি ক্রয় ও অর্থ বিষয়ক কার্যনির্বাহী দল (PFWG) প্রতিষ্ঠা করেছে যারা নির্দিষ্ট কাজের জন্য বরাদ্দকৃত অর্থ অন্য কাজে ব্যয় হওয়ার ঝুঁকি পর্যালোচনা সমন্বয়ের দায়িত্বে রয়েছে। PFWG-এর সভাপতি হলো সরকার এবং সহ-সভাপতি হলো এডিবি এবং ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন (IDA)। PEDP3-এর দাতা কনসোর্টিয়াম, এডিবি এবং IDA যৌথভাবে কনসোর্টিয়ামের অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের (DPs) সাথে নিবিড় মতবিনিময়ের মাধ্যমে নির্দিষ্ট কাজের জন্য বরাদ্দকৃত অর্থ অন্য কাজে ব্যয় হওয়ার ঝুঁকি ব্যবস্থাপনা করে থাকে। PEDP3-এর শুরু থেকেই নির্দিষ্ট কাজের জন্য বরাদ্দকৃত অর্থ অন্য কাজে ব্যয় হওয়ার ঝুঁকি ব্যবস্থাপনা, বাস্তবায়ন এবং ফলাফল প্রতিবেদন প্রদান বিষয়ে কারিগরি সহায়তা দেয়া হয়েছে।

২০১৮ সালের প্রথম ত্রিমাসে নতুন একটি প্রাথমিক শিক্ষা কর্মসূচি শুরু করার এবং দ্বিতীয় ত্রিমাসে PEDP3-এর সমাপনীর পরিকল্পনা থাকায়, পূর্ব-নির্ধারিত কর্মকাণ্ডে অর্থব্যয় না হওয়ার ঝুঁকি তত্ত্বাবধান ও PFM উন্নয়ন, PEDP3-এর চূড়ান্ত ধাপের বাস্তবায়ন এবং নতুন কার্যক্রম শুরু করতে সহায়তা প্রদানে ঐকমত্য হয়েছে। উল্লিখিত কারিগরি সহায়তার আওতায়, ফলাফলের জন্য নির্ধারিত এলাকাসমূহে কর্মকাণ্ড বাস্তবায়ন, ফলাফল প্রতিবেদন প্রদান ও খাত সংস্কারে সহায়তা প্রদান করা হবে। PEDP3-এর বাকি বছরগুলোতে PFM বিষয়ক সক্ষমতা উন্নয়ন এবং নির্দিষ্ট কাজের জন্য বরাদ্দকৃত অর্থ অন্য কাজে ব্যয় হওয়ার ঝুঁকি ব্যবস্থাপনা এবং নতুন কার্যক্রমে প্রবেশের জন্য এখনও অতিরিক্ত সহায়তা আবশ্যক।

## কাজের সুযোগ

| | |
|---|---|
| পরামর্শক সেবা | এ প্রকল্পের নির্বাহী প্রতিষ্ঠান প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং বাস্তবায়নকারী প্রতিষ্ঠান প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। এ TA-টির প্রশাসনিক দায়িত্বে থাকবে এডিবি। এডিবি'র পরামর্শক ব্যবহার বিষয়ক নির্দেশিকা (২০১৩, সময়ানুযায়ী সংশোধিত) অনুযায়ী আনুমানিক মোট ৩১ ব্যক্তি-মাস পরিমাণ পরামর্শক সেবা প্রদান করা হবে যার মধ্যে থাকবে আন্তর্জাতিক ৯ ব্যক্তি-মাস এবং দেশীয় ২২ ব্যক্তি-মাস। |
| ক্রয় | প্রযোজ্য নয় |

## দায়িত্ব

| | |
|---|---|
| এডিবি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | লং, জিন |
| এডিবি'র দায়িত্বপ্রাপ্ত বিভাগ | দক্ষিণ এশিয়া বিভাগ |
| এডিবি'র দায়িত্বপ্রাপ্ত উপ-বিভাগ | মানব ও সামাজিক উন্নয়ন বিভাগ, SARD |
| নির্বাহী সংস্থাসমূহ | *প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়*<br>*মিরপুর-২,* ঢাকা, বাংলাদেশ |

## সময়সূচি

| | |
|---|---|
| প্রকল্প ধারণাপত্রের অনুমোদন | ২১ অক্টোবর ২০১৬ |
| তথ্যানুসন্ধান | ২৬ অক্টোবর ২০১৬ থেকে ২৬ অক্টোবর ২০১৬ |
| ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পর্যালোচনা (MRM) | - |

| | |
|---|---|
| অনুমোদন | ১৩ ডিসেম্বর ২০১৬ |
| সর্বশেষ পর্যালোচনা | - |
| প্রকল্প তথ্যপত্রের সর্বশেষ হালনাগাাদ | ২১ মার্চ ২০১৮ |

## কারিগরী সহায়তা 9276-BAN

| মাইলফলকসমূহ | | | | | |
|---|---|---|---|---|---|
| অনুমোদন | স্বাক্ষরের তারিখ | কার্যকরের তারিখ | সমাপ্তি | | |
| | | | আদি | সংশোধিত | প্রকৃত |
| ১৩ ডিসেম্বর ২০১৭ | ২৩ জানুয়ারি ২০১৭ | ২৩ জানুয়ারি ২০১৭ | ৩০ জানুয়ারি ২০১৭ | ৩০ জানুয়ারি ২০১৯ | - |

| অর্থায়ন পরিকল্পনা/ কারিগরী সহায়তার ব্যবহার | | | | | | ক্রমযোজিত অর্থছাড় | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| এডিবি | সহ-অর্থায়ন | সহযোগী | | | | মোট | তারিখ | পরিমাণ |
| | | সরকার | সুফলভোগী | প্রকল্প স্পন্সর | অন্যান্য | | | |
| ৩০০,০০০.০০ | ১,১৬৮,০০০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ১,৪৬৮,০০০.০০ | ১৩ ডিসেম্বর ২০১৭ | ৬৭,৪৪৭.৯০ |

| | |
|---|---|
| প্রকল্পের ওয়েব-পাতা | https://www.adb.org/projects/42122-015/main |
| তথ্যের জন্য অনুরোধ | http://www.adb.org/forms/request-information-form?subject=42122-015 |
| তৈরির তারিখ | ১৪ মে ২০১৮ |

প্রকল্প তথ্যপত্রে (পিডিএস) প্রকল্প বা কর্মসূচির তথ্যের সার-সংক্ষেপ থাকে: তথ্যপত্র একটি পরিবর্তনশীল নথি হওয়ায় এর প্রাথমিক সংকলনে কিছু তথ্য অন্তর্ভুক্ত নাও থাকতে পারে, তবে সেগুলো পাওয়া মাত্রই এতে অন্তর্ভুক্ত করা হয়। প্রস্তাবিত প্রকল্প সংক্রান্ত তথ্যসমূহ সম্ভাব্য ও নির্দেশনামূলক হয়ে থাকে।

প্রকল্প তথ্যপত্র (পিডিএস)-এ বর্ণিত তথ্যের ব্যাপারে এডিবি কোন ধরনের নিশ্চয়তা প্রদান করে না, বরং ব্যবহারকারীদের জন্য শুধু সাধারণ তথ্য যোগান দিয়ে থাকে। এডিবি উচ্চমানসম্পন্ন তথ্য প্রদানে সচেষ্ট থাকলেও এই তথ্য ‘যেমন আছে তেমন’ ভিত্তিতে দেয়া হয়। এক্ষেত্রে তথ্যের বাণিজ্যিক বা বিশেষ ব্যবহার এবং উপযোগিতা, কিংবা তথ্যের স্বত্বাধিকার সম্পর্কে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন নিশ্চয়তা দেয়া হয় না। বিশেষত, এডিবি এ ধরনের তথ্যের যথার্থতা বা সম্পূর্ণতার নিশ্চয়তা প্রদান করে না।